বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
সরেজমিন বিভাগ
মহিলা উন্নয়ন অনুবিভাগ
৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫।

স্মারক নং: ৪৭.৬২.০০০০.৫১৬.২২.২৭৪.২৪- ৫২৬০

তারিখ : ২৬ শ্রাবণ ১৪৩৩ / ১০ আগস্ট ২০২৬খ্রি.

**বিষয়: মহিলা উন্নয়ন কর্মসূচির নীতি নির্ধারণী সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিগত ৩০ জুলাই ২০২৬ খ্রিষ্টাব্দ তারিখে অনুষ্ঠিত মহিলা উন্নয়ন কর্মসূচির নীতি নির্ধারণী সভায় বেশ কয়েকটি সিদ্ধান্ত গৃহীত হয় যা মাঠ পর্যায়ে বাস্তবায়নকল্পে যথাযথ ব্যবস্থা গ্রহণ আবশ্যক। নিম্নে মাঠ পর্যায়ে বাস্তবায়নযোগ্য সিদ্ধান্তসমূহ বর্ণিত হলো:

০২। মহিলা উন্নয়ন কর্মসূচির কার্যক্রম উপজেলা পর্যায়ে উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি লিমিটেড (UCCA) এর মাধ্যমে বাস্তবায়িত হয়। ফলে ইউসিসিহলিঃসহ মহিলা উন্নয়ন কর্মসূচির যাবতীয় আয়-ব্যয় সমবায় অধিদপ্তর কর্তৃক নিরীক্ষিত হয়। যার দরুন অডিট সেস ও সমবায় উন্নয়ন তহবিল (CDF) পরিশোধ করতে হয়। বর্তমানে নিরীক্ষা ফি এর অংশবিশেষ মউ কর্মসূচির পরিচালনা ব্যয় হতে খরচ করার সুযোগ থাকলেও সিডিএফ বাবদ ব্যয় করার সুযোগ নেই। যে সকল ইউসিসিএলিঃ কর্তৃক উক্ত সিডিএফ পরিশোধে আর্থিক সামর্থ্যর ঘাটতি রয়েছে, সে সকল উপজেলার ক্ষেত্রে ধার্য্যকৃত সিডিএফ এর সর্বোচ্চ ৫০% অর্থ মহিলা উন্নয়ন কর্মসূচির পরিচালনা ব্যয় খাতে তহবিলের উদ্বৃত্ত থাকা সাপেক্ষে ব্যয় করা যাবে যা ২০২৬-২৭ অর্থ বছর হতে কার্যকর হবে।

০৩। উপজেলা পর্যায়ে মহিলা উন্নয়ন কর্মসূচির পরিচালনা ব্যয় খাতে আয় থাকা সাপেক্ষে অফিসের কন্টিনজেন্সি বাবদ জেলার উপপরিচালকের অনুমোদন সাপেক্ষে বছরে সর্বোচ্চ ৫০০০/-(পাঁচ হাজার) টাকা ব্যয় করা যাবে যা ২০২৬-২৭ অর্থ বছর হতে কার্যকর হবে।

১০/০৮/২০২৬

মিজানুর রহমান
যুগ্মপরিচালক (মউ)
ফোন: ০২৫৫০১১৭৩২

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা (মউভুক্ত)
-------------উপজেলা -----------জেলা।

স্মারক নং: ৪৭.৬২.০০০০.৫১৬.২২.২৭৪.২৪- ৫২৬০

তারিখ : ২৬ শ্রাবণ ১৪৩৩ / ১০ আগস্ট ২০২৬খ্রি.

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:
১। যুগ্মপরিচালক, বিআরডিবি, বিভাগীয় কার্যালয়, .................. বিভাগ।
২। উপপরিচালক, বিআরডিবি (মউভুক্ত জেলাসমূহ), ...................জেলা।
৩। উপপরিচালক (প্রোগ্রামিং), বিআরডিবি, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪। মহাপরিচালকের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫। পরিচালক (সরেজমিন) এর একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা (পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬। সংশ্লিষ্ট/অফিস কপি।

১২/৮/২৬

১০/০৮/২০২৬
মোঃ শহীদুল ইসলাম
উপপরিচালক (মউ)